রাজশাহী বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২ ৫ ৪

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল — পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১.▶ মোহনা লিমিটেড-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ—

মোহনা লিমিটেড
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

ডেবিট — ক্রেডিট

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
সুনাম	২,০০,০০০	শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ৬০,০০০ শেয়ার)	৬,০০,০০০
প্রাপ্য হিসাব	৪,৪০,০০০		
ব্যাংক জমার উদ্বৃত্ত	২,৮০,০০০		
মজুদ পণ্য (৩১-১২-২০১৫)	১,৪০,০০০	বিক্রয়	১১,৭৮,০০০
সাপ্লাইজ	১৬,০০০	প্রদেয় হিসাব	২,০০,০০০
সমন্বিত ক্রয়	৭,০০,০০০	অনাদায়ী পাওনা সঞ্চিতি	১২,০০০
প্রযুক্তি জ্ঞান	২,২০,০০০	১০% ঋণপত্র	১,২০,০০০
অফিস কর্মচারীদের বেতন	৬০,০০০	কর্মচারী কল্যাণ তহবিল	২০,০০০
বিজ্ঞাপন খরচ	২৪,০০০		
অন্যান্য প্রত্যক্ষ খরচ	৫০,০০০		
	২১,৩০,০০০		২১,৩০,০০০

সমন্বয়সমূহ : ১. সমাপনী মজুদ পণ্যের মধ্যে ৭,০০০ টাকার বিক্রীত পণ্য অন্তর্ভুক্ত রয়েছে, যা ক্রেতাদের সময়মতো সরবরাহ করা যায় নি। ২. আদায়ের জন্য প্রেরিত ২০,০০০ টাকার একখানি চেক প্রত্যাখ্যাত হয়েছে। উহা হিসাবে লিপিবদ্ধ করা হয় নি। ৩. ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৯,৬০০ টাকা। ৪. প্রযুক্তি জ্ঞান দশ বছরের মধ্যে সমহারে অবলোপন করতে হবে। ৫. প্রাপ্য হিসাবের ১০,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা করো।

ক. প্রাপ্য হিসাবের নিট সমপনী উদ্বৃত্ত ও অনাদায়ী পাওনা সঞ্চিতি গণনাসহ নির্ণয় করো। ২

খ. ৩১-১২-২০১৫ তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ৩১-১২-২০১৫ তারিখে কোম্পানির স্থিতিপত্র প্রস্তুত করো। ৪

২.▶ অয়ন লিমিটেড-এর অনুমোদিত মূলধন প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১০,০০,০০০ শেয়ারে বিভক্ত ১,০০,০০,০০০ টাকা। ডিসেম্বর ৩১, ২০১৫ তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ ছিল—

অয়ন লিমিটেড
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

ডেবিট ক্রেডিট

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
ব্যাংক জমা	১৫,৫০,০০০	শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ৬,০০,০০০ শেয়ারে বিভক্ত)	৬০,০০,০০০
প্রাপ্য হিসাব	২৫,৩৫,০০০	বিক্রয়	৩০,০০,০০০
ইজারা সম্পত্তি (১-৭-২০১৩ থেকে ১০ বছরের জন্য)	১৬,১৫,০০০	প্রদেয় হিসাব	৩,০০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	৪,৫০,০০০	আয়কর সঞ্চিতি	১,৪৫,০০০
ক্রয়	১৪,৫০,০০০	সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত (০১-০১-২০১৫)	১৪,৭৫,০০০
মজুরি ও বেতন	৫,৫০,০০০	সঞ্চিতি তহবিল	৫০,০০০
ভাড়া	২,৮০,০০০	১২% ঋণপত্র (০১-০১-২০১৫)	৫,০০,০০০
বিমা সেলামি	৯০,০০০		
আয়কর	২,০০,০০০		
অন্তর্বর্তী লভ্যাংশ	১০,০০,০০০		
১০% বিনিয়োগ (১-৭-১৫)	১৭,৫০,০০০		
	১,১৪,৭০,০০০		১,১৪,৭০,০০০

অতিরিক্ত তথ্য : ১. সমাপনী মজুদ পণ্য ৮,২৫,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে। ২. শ্রমিকের মজুরি ৩০,০০০ টাকা অপ্রদত্ত রয়েছে। পক্ষান্তরে ভাড়া ২৫,০০০ টাকা অগ্রিম পরিশোধ করা হয়েছে। ৩. নিট লাভের ৫০,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করো। ৪. শেয়ার মূলধনের ৫% চূড়ান্ত লভ্যাংশ ঘোষণা করা হয়।

ক. ইজারা সম্পত্তির প্রারম্ভিক মূল্য নির্ণয় করো। ২

খ. নিট লাভ ৮,৩৭,৫০০ টাকা হলে ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে সমাপ্ত বছরের সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির নিট চলতি মূলধন নির্ণয় করো। ৪

খ বিভাগ

৩.▶ দিশারী যুব সংঘের ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও পরিশোধ হিসাব নিম্নরূপ—

দিশারী যুবক সংঘ
প্রাপ্তি ও পরিশোধ হিসাব
৩১-১২-২০১৫ তারিখে সমাপ্ত বছরের

ডেবিট ক্রেডিট

প্রাপ্তি	টাকা	পরিশোধ	টাকা
হাতে নগদ ও ব্যাংক জমা	৫৬,০০০	সম্মানী ও ভাতা	৩৭,৪০০
চাঁদা প্রাপ্তি	৭৬,০০০	মেরামত খরচ	১০,০০০
ভর্তি ফি	২১,৪০০	ডাক ও তার	১২,০০০
অনুদান	৫০,০০০	প্রস্তুক ক্রয়	৩০,০০০
বিনিয়োগের সুদ	২৪,০০০	আসবাবপত্র (১-৭-২০১৫)	৫০,০০০
		পুরাতন আসবাবপত্র বিক্রয়	৬,০০০
		(বহিঃমূল্য ৫,০০০ টাকা)	
		হাতে নগদ ও ব্যাংক জমা	৮২,০০০
	২,২৭,৪০০		২,২৭,৪০০

অন্যান্য তথ্য : ১. ২০১৫ সালের ১ জানুয়ারি উক্ত প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায়সমূহ ছিল: জমি ও দালান ৩,৫০,০০০ টাকা, আসবাবপত্র ৫৫,০০০ টাকা, ১৫% বিনিয়োগ ২,০০,০০০ টাকা, অগ্রিম প্রাপ্ত চাঁদা ২,৪০০ টাকা। ২. বিগত বছরের বকেয়া চাঁদা ৪,০০০ টাকা এবং পরবর্তী বছরের অগ্রিম চাঁদা ৬,০০০ টাকা প্রাপ্ত চাঁদার অন্তর্ভুক্ত আছে। পক্ষান্তরে চলতি বছরের চাঁদা ৮,২০০ টাকা এখনো অনাদায়ী রয়েছে। ৩. সম্মানি ও ভাতা বিগত বছরের ২,০০০ টাকা চলতি বছর পরিশোধ করা হয়। চলতি বছরের ভাতা ৩,০০০ টাকা অপ্রদত্ত রয়েছে। ৪. আসবাবপত্রের সমাপনী উদ্বৃত্তের ওপর ১০% অবচয় ধার্য করো। ৫. অনুদানের অর্ধাংশ ও ভর্তি ফি এক-তৃতীয়াংশ মূলধন জাতীয় প্রাপ্তি বিবেচনা করতে হবে।

ক. ২০১৫ সালে চাঁদা বাবদ আয় কত তা নির্ণয় করো। ২

খ. প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ৪

গ. দিশারী যুব সংঘের ৩১-১২-২০১৫ তারিখে সমাপ্ত বছরের আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। ৪

৪.▶ নিলয়, নিশাত ও আশিক একটি ব্যবসায়ের অংশীদার। তাদের লাভ-লোকসান বণ্টনের হার যথাক্রমে $\frac{১}{২} : \frac{১}{৩} : \frac{১}{৬}$। ২০১৫ সালের ১ জানুয়ারি তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল নিলয় ৪,০০,০০০ টাকা, নিশাত ৩,৫০,০০০ টাকা ও আশিক ২,৫০,০০০ টাকা। চুক্তির শর্তানুসারে অংশীদারগণের মূলধনের ওপর ১২% এবং নগদ উত্তোলনের ওপর ১০% হারে সুদ ধার্য হবে। সক্রিয় অংশীদার হিসাবে আশিক মাসিক ৫,০০০ টাকা হারে বেতন পায়। নিলয় প্রতি মাসের প্রথমে ৫,০০০ টাকা হারে সারা বছর ধরে নগদ উত্তোলন করে। নিশাত প্রতি তিন মাস পর পর ১০,০০০ টাকা হারে এবং আশিক বছরের মাঝামাঝি এককালীন ৪০,০০০ টাকা উত্তোলন করে। নিশাত ৩০-৬-২০১৫ তারিখে ৬০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করে এবং আশিক ১৫% সুদে ১-৪-২০১৫ তারিখে ৮০,০০০ টাকা ঋণ কারবারে সরবরাহ করে।

উপর্যুক্ত সমন্বয়সমূহ সাধনের পূর্বে কারবারের নিট মুনাফা ২,৭৬,৫০০ টাকা ছিল।

ক. নিশাতের মূলধনের সুদ নির্ণয় করো। ২

খ. অংশীদারগণের উত্তোলনের সুদ ও আশিকের ঋণের সুদ নির্ণয় করো। ৪

গ. নিশাত ও আশিকের মূলধন হিসাব প্রস্তুত করো (মুনাফার অংশ: নিশাত ৩০,০০০ টাকা, আশিক ১৫,০০০ টাকা।) ৪

৫.▶ যমুনা লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত ২০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। কোম্পানি উহার ১,৫০,০০০ শেয়ার ২০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি ৪০% অতিরিক্ত আবেদন পায়। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি আবণ্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের সমুদয় টাকা ফেরত প্রদান করা হয়। শেয়ারপ্রতি ০.৫০ টাকা হারে ব্যাংক কমিশন পরিশোধ করা হয়।

ক. অতিরিক্ত আবেদনকৃত শেয়ারের সংখ্যা ও এ বাবদ ফেরত প্রদত্ত টাকার পরিমাণ নির্ণয় করো। ২

খ. কোম্পানির হিসাব বইয়ে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির স্থিতিপত্র প্রস্তুত করো। ৪

৬.▶ ন্যানো প্লাস্টিক কোম্পানির ২০১৫ সালের জুন মাসের উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্যাবলি নিচে উল্লেখ করা হলো—

	প্রারম্ভিক টাকা	সমাপনী টাকা
কাঁচামাল	৩০,০০০	২৪,০০০
চলতি কার্য	৫০,০০০	৪৭,০০০
তৈরি পণ্য	৫১,০০০	৪৩,০০০
ব্যবহৃত কাঁচামাল ১,৫১,০০০ টাকা		
প্রত্যক্ষ শ্রম ৬০,০০০ টাকা		
কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ শ্রমের ৬০%		
প্রশাসনিক ও অফিস উপরিব্যয় কারখানা ব্যয়ের ২৫%।		

ক. ন্যানো কোম্পানির ক্রীত কাঁচামালের মূল্য নির্ণয় করো। ২

খ. উপরোক্ত তথ্যের ভিত্তিতে উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত করে বিক্রীত দ্রব্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. বিক্রয় উপরিব্যয়ের বিক্রয়ের ১০% এবং লাভ বিক্রয়ের ২০% হলে বিক্রয় মূল্য নির্ণয় করো। ৪

৭.▶ ফেন্সি কোম্পানির একটি কারখানায় ৫০ জন শ্রমিক কাজ করে। সাপ্তাহিক প্রমাণ শ্রমঘণ্টা ৪৮ ঘণ্টা এবং ঘণ্টাপ্রতি স্বাভাবিক মজুরির হার ৪০ টাকা। জুলাই, ২০১৫ মাসের প্রথম সপ্তাহে মোট ৬০ ঘণ্টা কাজ হয়। অতিরিক্ত সময় কাজের জন্য স্বাভাবিক মজুরি হারের দ্বিগুণ মজুরি প্রদান করা হয়। শ্রমিকগণ ৪০% হারে বাসস্থান ভাতা, ২০% হারে মহার্ঘ ভাতা, জনপ্রতি ১০০ টাকা হারে চিকিৎসা ভাতা

এবং ৫০ টাকা ধোলাই ভাতা প্রাপ্য হয়। ভবিষ্যৎ তহবিলের জন্য মূল মজুরির ১০% এবং কল্যাণ তহবিলে ১% কর্তন করা হয়। উক্ত সপ্তাহে ৫ জন শ্রমিকের মোট ১,২০০ টাকা অগ্রিম মজুরি সমন্বয় করা হয়।

ক. শ্রমিকের ২০১৫ সালের জুলাই মাসের প্রথম সপ্তাহের মূল মজুরি ও ওভারটাইম মজুরি নির্ণয় করো। ২

খ. শ্রমিকদের উক্ত সপ্তাহের বেতন রেজিস্টার প্রস্তুত করো। ৪

গ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

৮.▶ নিচের তথ্যাবলি অর্পা কোং-এর হিসাব বই থেকে গৃহীত—

	টাকা
নিট মুনাফা (আয় বিবরণী অনুযায়ী)	২,৭৫,০০০
প্রাপ্য হিসাব বৃদ্ধি	২৫,০০০
প্রদেয় হিসাব হ্রাস	২০,০০০
মজুদ পণ্য হ্রাস	৩৫,০০০
অবচয় খরচ	২৫,০০০
প্রদেয় খরচ হ্রাস	১৫,০০০
অগ্রিম খরচ বৃদ্ধি	৫,০০০
আসবাবপত্র ক্রয়	৫০,০০০
পুরাতন আসবাবপত্র বিক্রয়	৮০,০০০
দালান সম্প্রসারণ	১,২৫,০০০
দীর্ঘমেয়াদি বিনিয়োগ বিক্রয়	১,৫০,০০০
অন্য কোম্পানির শেয়ারে বিনিয়োগ	৩০,০০০
প্রদত্ত ঋণের আসল টাকা আদায়	৫০,০০০
নতুন সাধারণ শেয়ার ইস্যু : প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার প্রতি শেয়ার অধিহার ১ টাকা	
লভ্যাংশ প্রদান	৪০,০০০
বন্ড পরিশোধ	৫০,০০০

ক. অর্থসংস্থান কার্যক্রমের নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ২

খ. পরিচালন কার্যক্রমের নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

গ. বিনিয়োগ কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

৯.▶ ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত তানিয়া লিমিটেড-এর উদ্বর্তপত্র ছিল নিম্নরূপ—

তানিয়া লিমিটেড
উদ্বর্তপত্র
৩১ ডিসেম্বর, ২০১৫

দায়সমূহ	টাকা	সম্পত্তিসমূহ	টাকা
শেয়ার মূলধন	৯,০০,০০০	ভূমি ও দালাল	১০,০০,০০০
আয় বিবরণী	৩,০০,০০০	আসবাবপত্র	২,০০,০০০

দায়সমূহ	টাকা	সম্পত্তিসমূহ	টাকা
প্রদেয় হিসাব	১,৫০,০০০	প্রাপ্য হিসাব	২,৫০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	১,০০,০০০	মজুদ পণ্য	২,২০,০০০
প্রদেয় নোটস্	৫০,০০০	প্রাপ্য নোটস্	৩০,০০০
১২% ঋণ	৩,০০,০০০	নগদ তহবিল	১,০০,০০০
	১৮,০০,০০০		১৮,০০,০০০

সারা বছরে কোম্পানির বিক্রয়ের পরিমাণ ছিল ৩০,০০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধন নির্ণয় করো। ২

খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় করো। ৪

গ. দায়-মালিকানা অনুপাত ও মূলধনের আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

উত্তরমালা

১. ক. প্রাপ্য হিসাবের সমাপনী উদ্বৃত্ত ৪,২৭,৫০০ টাকা এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি ২২,৫০০ টাকা। খ. নিট মুনাফা ২,৭২,৯০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১২,২৪,৯০০ টাকা।

২. ক. ইজারা সম্পত্তির প্রারম্ভিক মূল্য ১৯,০০,০০০ টাকা। খ. সমাপনী সংরক্ষিত আয় ৯,০৭,৫০০ টাকা। গ. চলতি মূলধন ৪৩,৩২,৫০০ টাকা।

৩. ক. চাঁদা বাবদ আয় ৭৬,৬০০ টাকা। খ. প্রারম্ভিক মূলধন তহবিলের পরিমাণ ৬,৬০,৬০০ টাকা।

৪. ক. নিশাতের মূলধনের সুদ ৪৫,৬০০ টাকা। খ. উত্তোলনের সুদ : নিলয় ৩,২৫০ টাকা; নিশাত ১,৫০০ টাকা এবং আশিক ২,০০০ টাকা ; আশিকের ঋণের সুদ ৯,০০০ টাকা। গ. মূলধন হিসাবের জের : নিশাত ৪,৪৪,১০০ টাকা এবং আশিক ৩,১৩,০০০ টাকা।

৫. ক. শেয়ারের সংখ্যা ৬০,০০০ এবং মূল্য ৭,২০,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৫১,১৫,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৮,০০,০০০ টাকা।

৬. ক. ক্রীত কাঁচামালের মূল্য ১,৪৫,০০০ টাকা। খ. বিক্রীত দ্রব্যের ব্যয় ২,৫৮,০০০ টাকা। গ. বিক্রয়মূল্য ৪,৫৬,৭৮৬ টাকা।

৭. ক. মূল মজুরি ৯৬,০০০ টাকা এবং ওভারটাইম মজুরি ৪৮,০০০ টাকা। খ. নিট প্রদেয় বেতন ১,৯৭,৩৪০ টাকা। গ. জাবেদার যোগফল ৬,২৫,১৪০ টাকা।

৮. ক. অর্থসংস্থান কার্যক্রমের নিট নগদ আন্তঃপ্রবাহ ২০,০০০ টাকা। খ. পরিচালন কার্যক্রমের নিট নগদ আন্তঃপ্রবাহ ২,৭০,০০০ টাকা। গ. বিনিয়োগ কার্যক্রম হতে নিট নগদ আন্তঃপ্রবাহ ৭৫,০০০ টাকা।

৯. ক. বিনিয়োজিত মূলধন ১৫,০০,০০০ টাকা। খ. চলতি অনুপাত ২ : ১ এবং তারল্য অনুপাত ১.৯ : ১। গ. দায়-মালিকানা অনুপাত ০.৫ : ১ এবং মূলধন আবর্তন অনুপাত = ২ বার।

রাজশাহী বোর্ড-২০১৬

হিসাববিজ্ঞান:দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৪ |

সময় — ৪০ মিনিট

বহুনির্বাচনি

পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. কারবারে ব্যবহৃত দীর্ঘমেয়াদি মূলধনকে কী বলে?
ক কার্যকরী মূলধন　খ বিনিয়োজিত মূলধন
গ প্রারম্ভিক মূলধন　ঘ সংরক্ষিত মূলধন

২. চলতি সম্পদ — মজুদ পণ্য — অগ্রিম খরচ = কী?
ক তরল সম্পদ　খ অলীক সম্পদ
গ স্থায়ী সম্পদ　ঘ অস্পর্শনীয় সম্পদ

৩. অনুপাত বিশ্লেষণের মাধ্যমে যাচাই করা হয় কারবারের—
i. দক্ষতা　ii. সচ্ছলতা
iii. লাভজনকতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।
চন্দ্রমুখী কোম্পানির চলতি সম্পদ ৫০,০০০ টাকা এবং চলতি অনুপাত ৫ : ২।

৪. উক্ত প্রতিষ্ঠানে চলতি দায় কত?
ক ১০,০০০ টাকা　খ ২০,০০০ টাকা
গ ৩০,০০০ টাকা　ঘ ৪০,০০০ টাকা

৫. উক্ত প্রতিষ্ঠানের চলতি মূলধন কত?
ক ১০,০০০ টাকা　খ ২০,০০০ টাকা
গ ৩০,০০০ টাকা　ঘ ৪০,০০০ টাকা

৬. কোনটি কারখানা উপরিব্যয়?
ক ভাড়া　খ আসবাবপত্রের অবচয়
গ যন্ত্রপাতির অবচয়　ঘ ডাক খরচ

৭. কোনটি পরোক্ষ ব্যয়?
ক মিস্ত্রির মজুরি　খ কারখানা ভাড়া
গ ক্রয় পরিবহন　ঘ কাঠ ক্রয়

৮. কারখানার উপরিখরচ হলো—
i. পরোক্ষ কাঁচামাল　ii. যন্ত্রপাতি অবচয়
iii. পরোক্ষ মজুরি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।
কাজী ব্রাদার্স লি.-এর ফেব্রুয়ারি মাসের কিছু আর্থিক তথ্য নিম্নরূপ—
উৎপাদন ব্যয় ৮০,০০০ টাকা, বিক্রয় ও বিতরণ খরচ ২০,০০০ টাকা, কাঁচামালের সমাপনী মজুদ ২০,০০০ টাকা এবং তৈরি পণ্যের সমাপনী মজুদ ১০,০০০ টাকা হলে—

৯. বিক্রীত পণ্যের ব্যয় কত?
ক ৬০,০০০ টাকা　খ ৭০,০০০ টাকা
গ ১,০০,০০০ টাকা　ঘ ১,১০,০০০ টাকা

১০. সমাপনী মজুদ পণ্য ১০,০০০ টাকার স্থলে ২০,০০০ টাকা হলে এর প্রভাবে ব্যবসায়ের—
i. মোট ব্যয় বৃদ্ধি পাবে
ii. বিক্রীত পণ্যের ব্যয় হ্রাস পাবে
iii. মুনাফার পরিমাণ বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১১. হিসাবকাল শেষে মজুদ পণ্যের মূল্যায়ন ও হিসাবভুক্ত করা হলে তাকে কী পদ্ধতি বলে?
ক কালান্তিক মজুদ পদ্ধতি　খ অবিরত মজুদ পদ্ধতি
গ প্রক্রিয়াধীন মজুদ পদ্ধতি　ঘ সমাপ্ত পণ্যের মজুদ পদ্ধতি

১২. মজুদ পণ্য যদি অবমূল্যায়িত বা অতিমূল্যায়িত হয় তাহলে এর দ্বারা প্রভাবিত হয়—
i. প্রদেয় আয়কর　ii. লভ্যাংশ বিতরণ
iii. সঞ্চিতি তহবিলে স্থানান্তর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১৩. বনলতা ট্রেডার্সের প্রারম্ভিক মজুদ, ক্রয় ও বিক্রয় সম্পর্কিত তথ্যাদি নিম্নরূপ—
প্রারম্ভিক মজুদ ৮ টাকা দরে ১,২০০ একক, ক্রয় ১০ টাকা দরে ৭,০০০ একক, বিক্রয় ২৫ টাকা দরে ৬,০০০ একক। বনলতা ট্রেডার্স ভারযুক্ত গড় পদ্ধতিতে মজুদ পণ্য মূল্যায়ন করে। কিন্তু ভারযুক্ত গড় পদ্ধতির পরিবর্তে আগে আসলে আগে যায় পদ্ধতি অবলম্বন করলে আর্থিক বিবরণীতে এর প্রভাবে—
i. মুনাফার পরিমাণ হ্রাস পাবে
ii. মুনাফার পরিমাণ বৃদ্ধি পাবে
iii. সম্পদের পরিমাণ বৃদ্ধি পাবে
নিচের কোনটিসঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১৪. যে ব্যয় প্রত্যেকটি পণ্যের জন্য আলাদাভাবে চিহ্নিত করা যায় তাকে কী বলে?
ক প্রত্যক্ষ ব্যয়　খ পরোক্ষ ব্যয়
গ রূপান্তর ব্যয়　ঘ স্থির ব্যয়

১৫. একটি প্রতিষ্ঠানের রেওয়ামিলে বিজ্ঞাপন ১২,০০০ টাকা উল্লেখ রয়েছে। এছাড়াও সমন্বয়ে বলা হয়েছে পণ্য বিতরণ ৪,০০০ টাকা, মোট বিজ্ঞাপন খরচের $\frac{৩}{৪}$ অংশ বিলম্বিত করো। এক্ষেত্রে বিশদ আয় বিবরণীতে বিজ্ঞাপন বাবদ কত টাকা অবলোপন করতে হবে?
ক ৪,০০০ টাকা　খ ৯,০০০ টাকা
গ ১২,০০০ টাকা　ঘ ১৬,০০০ টাকা

১৬. ক্রয়ের পরিমাণ ৩০,০০০ টাকা, বিক্রয় ৬০,০০০ টাকা। বিক্রয়ের ওপর ২০% হারে মুনাফা ধরা হয়। সমাপনী মজুদ পণ্য ১০,০০০ টাকা হলে প্রারম্ভিক মজুদ পণ্য কত?
ক ২৫,০০০ টাকা　খ ২৮,০০০ টাকা
গ ৩০,০০০ টাকা　ঘ ৩৩,০০০ টাকা

১৭. ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানের কার্যাবলি হচ্ছে—
i. উপাত্ত সংগ্রহ　ii. পরিকল্পনা ও পূর্বানুমান
iii. সিদ্ধান্ত গ্রহণে সহায়তা
নিচের কোনটিসঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১৮. উৎপাদন ব্যয় হিসাবের ক্ষেত্রে বিজ্ঞাপন কোন প্রকারের ব্যয়?
ক প্রত্যক্ষ ব্যয়　খ কারখানা উপরিব্যয়
গ বিক্রয় ও বিতরণ উপরিব্যয়
ঘ প্রশাসনিক উপরিব্যয়

১৯. পুরাতন সম্পদ বিক্রয় কী ধরনের আয়?
ক মুনাফা জাতীয় আয়　খ মুনাফা জাতীয় প্রাপ্তি
গ মূলধন জাতীয় প্রাপ্তি　ঘ মূলধন জাতীয় আয়

২০. নিচের কোনটি মুনাফা জাতীয় খরচ?
ক চাঁদা　খ হলরুম ভাড়া
গ লকার ভাড়া　ঘ প্রাঙ্গণ রক্ষকের মজুরি

২১. অব্যবসায়ী প্রতিষ্ঠানের মূলধন তহবিল বলতে কী বোঝায়?
ক একটি নির্দিষ্ট সময়ের আয় ও ব্যয়ের পার্থক্য
খ একটি নির্দিষ্ট সময়ের সম্পদ ও দায়ের পার্থক্য
গ একটি নির্দিষ্ট দিনের সম্পদ ও দায়ের পার্থক্য
ঘ একটি নির্দিষ্ট দিনের প্রাপ্তি ও প্রদানের পার্থক্য

উদ্দীপকটি পড়ো এবং ২২-২৪ নং প্রশ্নের উত্তর দাও।
মুক্তিযোদ্ধা ক্লাবের চলতি বছরের আয়-ব্যয় হিসাবে চাঁদা বাবদ ৪০,০০০ টাকা দেখানো হয়েছে। এর সাথে সমন্বয়সাধন করা হয়েছে অগ্রিম চাঁদা প্রাপ্তি ৫,০০০ টাকা, বিগত বছরের বকেয়া চাঁদা প্রাপ্তি ২,০০০ টাকা, এ বছরের অনাদায়ী চাঁদা ৬,০০০ টাকা ও বিগত বছরে অগ্রিম চাঁদা প্রাপ্তি ৩,০০০ টাকা।

২২. প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয়ে প্রভাব ফেলবে—
i. বিগত বছরের বকেয়া চাঁদা প্রাপ্তি ২,০০০ টাকা
ii. বিগত বছরের অগ্রিম চাঁদা প্রাপ্তি ৩,০০০ টাকা
iii. চলতি বছরের অনাদায়ী চাঁদা ৬,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. চলতি বছরে প্রাপ্তি ও প্রদান হিসাবে চাঁদা বাবদ কত টাকা দেখানো হয়েছে?
ক ৩৮,০০০ টাকা খ ৪২,০০০ টাকা
গ ৪৫,০০০ টাকা ঘ ৪৭,০০০ টাকা

২৪. আয়-ব্যয় হিসাবে প্রাপ্ত চাঁদার সাথে কত টাকা যোগ করা হয়েছে?
ক ৭,০০০ টাকা খ ৮,০০০ টাকা
গ ৯,০০০ টাকা ঘ ১১,০০০ টাকা

২৫. অংশীদারি ব্যবসায় পরিচালনায় অংশীদারদের দায় দায়িত্বের পরিধি কতটুকু?
ক সসীম খ অসীম
গ আংশিক ঘ অর্ধেক

২৬. মালিক প্রতি ২ মাস পরপর ২,০০০ টাকা উত্তোলন করলে বাৎসরিক উত্তোলন কত টাকা হবে?
ক ৬,০০০ টাকা খ ৮,০০০ টাকা
গ ১০,০০০ টাকা ঘ ১২,০০০ টাকা

২৭. চুক্তিতে উল্লেখ না থাকলে অংশীদারি ব্যবসায়ে কোনো অংশীদার কর্তৃক প্রদত্ত ঋণের ওপর সুদের হার কত হবে?
ক ৫% খ ৬% গ ৭% ঘ ৮%

২৮. অংশীদারদের মূলধন যেখানে স্থায়ী থাকে, সেখানে মূলধনের সুদ ও উত্তোলনের সুদ লিপিবদ্ধ করা হয়—
ক উত্তোলন হিসাবে খ মূলধন হিসাবে
গ চলতি হিসাবে ঘ বিবিধ হিসাবে

২৯. পরোক্ষ পদ্ধতি মোতাবেক কোনটি পরিচালন কার্যক্রমের দফা নয়?
ক চলতি বছরের নিট লাভ খ চলতি সম্পদের হ্রাস-বৃদ্ধি
গ চলতি দায়ের হ্রাস-বৃদ্ধি ঘ দীর্ঘমেয়াদি বন্ডের হ্রাস-বৃদ্ধি

৩০. অনগদ ব্যয় হলো—
i. সম্পত্তির অবচয় খরচ ii. সুনামের অবলোপন খরচ
iii. সুদ খরচ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩১. তানিশা এন্ড কোং-এর নিট লাভের পরিমাণ ২,০০,০০০ টাকা। বছরান্তে মজুদ পণ্যের পরিমাণ ২০,০০০ টাকা বৃদ্ধি পেলে এবং প্রদেয় হিসাবের পরিমাণ ১০,০০০ টাকা হ্রাস পেলে পরিচালন কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহের পরিমাণ কত?
ক ১,৭০,০০০ টাকা খ ১,৯০,০০০ টাকা
গ ২,১০,০০০ টাকা ঘ ২,৩০,০০০ টাকা

৩২. কোন কোম্পানি ঋণপত্র ইস্যু করতে পারে?
ক প্রাইভেট লিমিটেড কোম্পানি
খ পাবলিক লিমিটেড কোম্পানি
গ একমালিকানা কোম্পানি
ঘ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান

৩৩. একটি প্রাসঙ্গিক কার্যস্তর পর্যন্ত উৎপাদনের পরিমাণ পরিবর্তন হলেও যে ব্যয় পরিবর্তন হয় না তাকে কী বলে?
ক উপরিব্যয় খ সুযোগ ব্যয়
গ পরিবর্তনশীল ব্যয় ঘ স্থায়ী ব্যয়

৩৪. অবহারে শেয়ার ইস্যুর ফলে—
i. চলতি সম্পদ হ্রাস পাবে
ii. অসমন্বিত ব্যয় বৃদ্ধি পাবে
iii. শেয়ার মূলধন হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. সুন্দরবন কোম্পানি ১০% অধিহারে শেয়ার ইস্যু করে মোট ১,১০,০০০ টাকা পেলে, পরিশোধকৃত মূলধনের পরিমাণ কত?
ক ৯৯,০০০ টাকা খ ১,০০,০০০ টাকা
গ ১,১০,০০০ টাকা ঘ ১,২১,০০০ টাকা

৩৬. বাজেট ব্যবস্থার ভিত্তি কী?
ক ক্রয় পূর্বাভাস খ বিক্রয় পূর্বাভাস
গ উৎপাদন পূর্বাভাস ঘ নগদ পূর্বাভাস

৩৭. অবলোপনযোগ্য খরচ হলো—
i. সাধারণ খরচ ii. বিলম্বিত বিজ্ঞাপন
iii. প্রাথমিক খরচ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৮. আদনান কোম্পানির করপরবর্তী মুনাফা ২,০০,০০০ টাকা, করের হার ৫০% হলে, করপূর্ববর্তী মুনাফা কত?
ক ১,০০,০০০ টাকা খ ১,৫০,০০০ টাকা
গ ৩,০০,০০০ টাকা ঘ ৪,০০,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।
মেসার্স মাহমুদুল্লাহ ট্রেডার্সের প্রাপ্য হিসাবের পরিমাণ হচ্ছে ৫০,০০০ টাকা, অলিখিত কুঋণের পরিমাণ ২,০০০ টাকা, বছরের শুরুতে কুঋণ সঞ্চিতি ছিল ১,০০০ টাকা, প্রাপ্য হিসাবের ওপর আরও ২% কু-ঋণ সঞ্চিতি বৃদ্ধি করতে হবে।

৩৯. নতুন কু-ঋণের সঞ্চিতির পরিমাণ কত?
ক ৯৬০ টাকা খ ১,০০০ টাকা
গ ১,৯৬০ টাকা ঘ ২,০০০ টাকা

৪০. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি ১,০০০ টাকা হলে আর্থিক বিবরণীতে—
i. নিট লাভ ৯৬০ টাকা বেশি হবে
ii. নিট লাভ ৪০ টাকা হ্রাস পাবে
iii. প্রাপ্য হিসাবের সমাপনী উদ্বৃত্ত ৯৬০ টাকা বৃদ্ধি পাবে
নিচের কোনটিসঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তরমালা

১	খ	২	ক	৩	ঘ	৪	খ	৫	গ	৬	গ	৭	খ	৮	ঘ	৯	ক	১০	গ	১১	ক	১২	খ	১৩	গ	১৪	ক	১৫	ক	১৬	খ	১৭	ঘ	১৮	গ	১৯	ক	২০	ঘ
২১	গ	২২	ক	২৩	ক	২৪	গ	২৫	খ	২৬	ঘ	২৭	খ	২৮	গ	২৯	ঘ	৩০	ক	৩১	ক	৩২	খ	৩৩	ঘ	৩৪	গ	৩৫	খ	৩৬	খ	৩৭	গ	৩৮	ঘ	৩৯	গ	৪০	খ